# এইচ এস সি পরীক্ষা ২০২০ এর মডেল প্রশ্ন (সকল বোর্ড এর জন্য)

**বিষয় : গার্হস্থ্য বিজ্ঞান : প্রথম পত্র (সৃজনশীল)** **বিষয় কোড :** | ২ | ৭ | ৩ |

সময় — ২ ঘণ্টা ৩৫ মিনিট পূর্ণমান — ৫০

**[দ্রষ্টব্য : ডানপাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমানজ্ঞাপক। যেকোনো ৫ টি প্রশ্নের উত্তর দাও।]**

১. অধ্যক্ষ আনিস সাহেব তার কলেজের পুনর্মিলনী অনুষ্ঠান করার সিদ্ধান্ত নিলেন। অনুষ্ঠানে কী কী কাজ করতে হবে, কাকে কোন কাজের দায়িত্ব দেবেন, কোন খাতে কত টাকা খরচ করবেন এসব কিছু আগে থেকেই চিন্তাভাবনা করে রাখলেন। কাজের দায়িত্ব ভাগ করে দিয়ে কাজের তদারকিও করলেন। অবশেষে সবার কাজের ভালো-মন্দ যাচাই করলেন।

ক. কাজের ভালো-মন্দ বিচার করা হয় কিসের মাধ্যমে? ১

খ. দলীয় সিদ্ধান্ত বলতে কী বোঝায়? ২

গ. আনিস সাহেবের আগে থেকেই সবকিছু চিন্তাভাবনা করার মাধ্যমে গৃহ ব্যবস্থাপনার কোন বিষয়টি ফুটে উঠেছে? ব্যাখ্যা করো। ৩

ঘ. "আনিস সাহেব তার কাজে গৃহ ব্যবস্থাপনার ধাপগুলো যথাযথভাবে অনুসরণ করেছেন"— বিশ্লেষণ করো।

২. তামিম একাদশ শ্রেণিতে পড়ে। সন্ধ্যায় বন্ধুদের সাথে আড্ডা দিয়ে সে রাতে পড়াশোনা করে। কলেজে দেরি করে যাওয়ায় তার উপস্থিতির হার কমে যায়। ফলে পরীক্ষায় অংশগ্রহণ করতে না পারার তালিকায় তার নাম আসে। এ ব্যাপারে শিক্ষকের সাথে কথা বললে তিনি সব শুনে বললেন, "জীবনের সফলতা নির্ভর করে সময়ের সুষ্ঠু ব্যবহারের ওপর।"

ক. সময় ব্যবস্থাপনার প্রথম পদক্ষেপ কোনটি? ১

খ. সময় কোন ধরনের সম্পদ? ব্যাখ্যা করো। ২

গ. তামিমের জন্য একদিনের একটি সময় তালিকা তৈরি করো। ৩

ঘ. শিক্ষকের পরামর্শটি দ্বারা তামিম কীভাবে উপকৃত হতে পারে? মতামত দাও। ৪

Teachingbd24.com

৩. শফিউল ইসলাম সাহেবের বাসা থেকে অফিসের দূরত্ব বেশি হওয়ায় যাতায়াতে তার বেশ সমস্যা হয়। তার ছেলে আরিফ স্থাপত্য বিষয়ে পড়াশোনা করছে। প্রতিদিন ভার্সিটি যেতে আরিফকেও বেশ ঝামেলার সম্মুখীন হতে হয়। তাছাড়া তাদের ফ্ল্যাটটিতে পানি, বিদ্যুৎ এবং পর্যাপ্ত আলো-বাতাসেরও সমস্যা রয়েছে। আরিফ তার বাবাকে ফ্ল্যাটটি নির্বাচনের সময় কী কী বিষয় ভুল ছিল তা বলে। তার বাবা ছেলের কথার সাথে সম্মতি প্রকাশ করেন।

ক. কোনটি গৃহের সবচেয়ে নির্জন এলাকা? ১

খ. বাসগৃহ বলতে কী বোঝায়? ২

গ. শফিউল সাহেবের ভুলগুলো কী ছিল? ব্যাখ্যা করো। ৩

ঘ. ফ্ল্যাট ক্রয়ের পূর্বে শফিউল সাহেবের করণীয় কী ছিল— আলোচনা করো। ৪

৪. মিসেস লায়লা সম্প্রতি তার নতুন বাড়িতে উঠেছেন। বাড়ির প্রতিটি কক্ষ তিনি সুন্দরভাবে সাজালেন। সবাই তার গৃহ সজ্জার প্রশংসা করলেন। তার বান্ধবী বেড়াতে এসে দেখলেন লায়লার গৃহের ছাদ ও বারান্দা অব্যবহৃত অবস্থায় পড়ে আছে। তিনি লায়লাকে কিছু বিষয়ে লক্ষ রেখে বারান্দা ও ছাদের বহুমুখী ব্যবহার সম্পর্কে ধারণা দিলেন।

ক. সবুজ বনায়ন কী? ১

খ. আঙিনা বলতে কী বোঝ? ২

গ. লায়লা কোন বিষয়গুলোর প্রতি লক্ষ রেখে বারান্দা ও ছাদ ব্যবহার করবেন? ব্যাখ্যা করো। ৩

ঘ. লায়লার বান্ধবী তাকে যে ধারণা দিলেন সে সম্পর্কে মতামত দাও। ৪

৫. শিমলা ও অংকিতা দুই বান্ধবী। তারা বিয়ের অনুষ্ঠানে যাওয়ার জন্য একটি স্বনামধন্য বিপণিবিতানে শাড়ি কিনতে গেল। সেখানে তারা দুইজন ভিন্ন ভিন্ন দুইটি শাড়ি পছন্দ করল। তা দেখে বিক্রেতা বলল, শিমলার পছন্দকৃত শাড়ি মানে সবচেয়ে ভালো এবং এটি রাজশাহীর ঐতিহ্যবাহী শাড়ি। অন্যদিকে, অংকিতার পছন্দকৃত শাড়িটির উপস্থিতি ছাড়া বিয়ের আসরে পূর্ণতা আসে না এবং শাড়িটি মসলিনের উত্তরসূরি, এটি নারায়ণগঞ্জে প্রস্তুত করা হয়।

ক. টাঙ্গাইলের শাড়ির পাড় সৃষ্টিতে যে মেশিন ব্যবহৃত হয় তার নাম কী? ১

https://teachingbd24.com

খ. টাঙ্গাইলের শাড়ির বৈশিষ্ট্য ব্যাখ্যা করো। ২

গ. শিমলার পছন্দকৃত শাড়িটির উৎপাদন কৌশল ব্যাখ্যা করো। ৩

ঘ. অর্পিতা যে শাড়িটি পছন্দ করেছিল সেটির প্রকৃতি নিরূপণ করো। ৪

৬. মুনা তার তিন বছরের ছেলে রাহির জন্য একটি আঁটসাঁট পোশাক ক্রয় করেন। পোশাকটি পরে রাহি স্বাচ্ছন্দ্যবোধ করল না। তার বোন তাকে পোশাক ক্রয়ে সচেতন হওয়ার পরামর্শ দিলেন। কিন্তু তিনি পোশাক ক্রয়ের পূর্বে বাজেট করে ও স্থায়িত্ব দেখে ক্রয় করায় তাকে কোনো ঝামেলায় পড়তে হয়নি।

ক. স্টাইল কী? ১

খ. সমাজ ব্যবস্থা কীভাবে ফ্যাশনকে প্রভাবিত করে? ব্যাখ্যা করো। ২

গ. পোশাক ক্রয়ে মুনাকে আরো সচেতন হতে হবে কেন? ব্যাখ্যা করো। ৩

ঘ. পোশাক ক্রয়ের ক্ষেত্রে মুনাকে ঝামেলায় পড়তে হয়নি— উক্তিটি বিশ্লেষণ করো। ৪

৭. সেঁজুতি বস্ত্রে বাটিক করার উদ্দেশ্যে এর বিভিন্ন পদ্ধতি সম্পর্কে ধারণা নিলেন। এজন্য তিনি কাপড়ে মোম লাগিয়ে সুন্দর নকশাও করলেন। সকলে তার নকশাকৃত বাটিকের পোশাকটির প্রশংসা করলো।

ক. বস্ত্রের উজ্জ্বলতা বৃদ্ধির জন্য কোন রং ব্যবহৃত হয়। ১

খ. ডিপামিং বলতে কী বোঝায়? ২

গ. সেঁজুতি কাপড়ে কীভাবে মোম লাগিয়ে নকশা করেন? ব্যাখ্যা করো। ৩

ঘ. সেঁজুতি যে বিষয়ে ধারণা নেন তা বিস্তারিত লেখো। ৪

৮. খেলতে গিয়ে সিনথির হাত কেটে জামায় রক্তের দাগ লেগে যায়। তার মা দাগযুক্ত অংশটি গরম পানিতে ধুয়ে ফেলেন। এর ফলে দাগটি আরও গাঢ় হয়ে যায়।

ক. কোন দাগ অপসারণ করতে হাইড্রোজেন পার অক্সাইড ব্যবহৃত হয়? ১

খ. দাগ অপসারণ পদ্ধতি সম্পর্কে জানতে হয় কেন? ২

গ. সিনথির মায়ের দাগ অপসারণে ব্যর্থ হওয়ার কারণ ব্যাখ্যা করো। ৩

ঘ. সিনথির জামায় যে দাগ লেগেছে তা দাগের একমাত্র উৎস নয়— মন্তব্যটির যথার্থতা যাচাই করো। ৪

https://teachingbd24.com

## পার্হস্থ্য বিজ্ঞান : প্রথম পত্র

বিষয় কোড : ২ ৭ ৩

সময় — ২৫ মিনিট

### বহুনির্বাচনি অভীক্ষা

পূর্ণমান — ২৫

[দ্রষ্টব্য: নৈর্ব্যক্তিক অভীক্ষার উত্তরপত্রে প্রশ্নের ক্রমিক নম্বরের বিপরীতে প্রদত্ত বর্ণসম্বলিত বৃত্তসমূহ হতে সঠিক/ সর্বোৎকৃষ্ট উত্তরের বৃত্তটি (●) বল পয়েন্ট কলম দ্বারা সম্পূর্ণ ভরাট কর। প্রতিটি প্রশ্নের মান ১।]

১. গৃহ ব্যবস্থাপনার কার্যক্রম কোন বিষয়কে কেন্দ্র করে আবর্তিত হয়?

ক মূল্যবোধ খ উদ্দেশ্য
গ লক্ষ্য ঘ মান

২. যেকোনো প্রতিষ্ঠানের সফলতা অর্জনে গুরুত্বপূর্ণ কোনটি?

ক পরিকল্পনা খ নিয়ন্ত্রণ
গ মূল্যায়ন ঘ সংগঠন

৩. পরিচালনা কী?

ক সম্পদের বহুবিধ ব্যবহার
খ সম্পদের সুষ্ঠু ব্যবহার
গ সম্পদের বিনিময়
ঘ সম্পদের রূপান্তর

৪. মানুষের চাহিদা পূরণের জন্য কোনটি প্রয়োজন?

ক যোগান খ উপযোগ
গ সম্পদ ঘ সময়

৫. মাংসপেশির তৎপরতা মোকাবিলা করে কোনটি?

ক ল্যাকটিক এসিড খ অক্সিজেন
গ গ্যালাকটোজ ঘ অ্যামাইনো এসিড

৬. কাজ সহজকরণের অর্থ কী?

ক কাজকে সময় নিয়ে সম্পাদন করা
খ সঠিক উপায়ে কাজের তালিকা করা
গ কাজকে সহজ উপায়ে সম্পাদন করা
ঘ দ্রুততার সাথে কাজ করা

৭. বিনিয়োগের মূল উদ্দেশ্য কী?

ক বেশি করে অর্থ উপার্জন
খ বেশি করে অর্থের ব্যবহার
গ টাকার সংরক্ষণ
ঘ ইচ্ছামতো অর্থের ব্যবহার

৮. স্থপতিগণ কোন কাগজে বাড়ির নকশা আঁকেন?

ক লাল খ সাদা
গ নীল ঘ বেগুনি

৯. বায়ুতে নাইট্রোজেনের পরিমাণ কত?

ক ৭৫.১০% খ ৭৬.১০%
গ ৭৭.১০% ঘ ৭৮.১০%

১০. সিজনিং এর সুবিধা হচ্ছে—

i. বাঁকা হয় না
ii. ওজনে হালকা হয়
iii. ঘুণ ধরে না

নিচের কোনটি সঠিক?

ক i ও ii খ i ও iii
গ ii ও iii ঘ i, ii ও iii

১১. ছবির উচ্চতা মেঝে থেকে কত উপরে হবে?

ক ২´ – ২$\frac{১}{২}$´´ খ ৩´ – ৩$\frac{১}{২}$´´
গ ৪´ – ৪$\frac{১}{২}$´´ ঘ ৫´ – ৫$\frac{১}{২}$´´

১২. হাঁস-মুরগি পালনে করণীয় হলো—

i. পশু চিকিৎসকের পরামর্শ গ্রহণ করা
ii. খাঁচা নিয়মিত পরিষ্কার করা
iii. সময়মতো খাবার ও পানি দেওয়া

নিচের কোনটি সঠিক?

ক i ও ii খ i ও iii
গ ii ও iii ঘ i, ii ও iii

১৩. ওজোনস্তর আমাদের কোন রশ্মি থেকে রক্ষা করে?

ক গামা খ আলোক
গ অতিবেগুনি ঘ রঞ্জন

নিচের অনুচ্ছেদটি পড়ো এবং ১৪ ও ১৫ নং প্রশ্নের উত্তর দাও:

ফারুক একটি কাপড়ের কারখানায় দীর্ঘদিন ধরে শ্রমিক হিসেবে কর্মরত। কারখানার অসহনীয় যান্ত্রিক শব্দ ফারুকের শ্রবণ শক্তি হ্রাস করে। এছাড়া এই শব্দ পরিবেশে প্রভাব ফেলে।

https://teachingbd24.com

১৪. মানুষের শ্রবণ শক্তি হ্রাসের কারণ কোন দূষণ?
(ক) পানি (খ) শব্দ
(গ) মাটি (ঘ) বায়ু

১৫. উল্লিখিত শব্দ প্রভাব ফেলে —
i. কর্মীদের ওপর
ii. পার্শ্ববর্তী এলাকার মানুষের ওপর
iii. অন্যান্য প্রাণির ওপর
নিচের কোনটি সঠিক?
(ক) i ও ii (খ) ii ও iii
(গ) i ও iii (ঘ) i, ii ও iii

১৬. Topography of Dhaka গ্রন্থে জামদানি সম্পর্কে কে মন্তব্য করেছেন?
(ক) জেমস টেলর (খ) ওয়াটসন
(গ) পার্ল (ঘ) দুইপার

১৭. রাখাইন মহিলারা লুঙ্গির সাথে কী পরে?
(ক) ফতুয়া (খ) ব্লাউজ
(গ) কামিজ (ঘ) ওড়না

১৮. সংঘবদ্ধ ও সংগঠিত পরিকল্পনা কোনটি?
(ক) ফ্যাশন (খ) স্টাইল
(গ) ডিজাইন (ঘ) পোশাক

১৯. সুতি বস্ত্র রং করার সময় ও ছাপা কাজ করার সময় কোন রং ব্যবহৃত হয়?
(ক) মরডান্ট (খ) ভ্যাট
(গ) ন্যাপথল (ঘ) বেসিক

২০. সবচেয়ে কম ব্যয়বহুল পদ্ধতি কোনটি?
(ক) কাঁচামাল অবস্থায় রং প্রয়োগ
(খ) সুতাতে রং প্রয়োগ
(গ) খণ্ড খণ্ড বস্ত্রে রং প্রয়োগ
(ঘ) স্নান ডাইং

নিচের অনুচ্ছেদটি পড়ো এবং ২১ ও ২২নং প্রশ্নের উত্তর দাও।

মৌসুমির বুটিকশপ আছে। মৌসুমি তার পোশাকে যে প্রিন্ট ব্যবহার করেন তা প্রথম ইউরোপের বস্ত্র ছাপায় ব্যবহৃত হয়েছিল। তিনি বস্ত্র ছাপার কাজে কাঠের ফ্রেম ও প্রাকৃতিক উপাদান ব্যবহার করেন। প্রিন্টিং কাজের প্রয়োজনীয় সরঞ্জামও রয়েছে তার।

২১. মৌসুমি তার তৈরিকৃত পোশাকে কোন পদ্ধতি ব্যবহার করেন?
(ক) টাই ডাই (খ) বাটিক
(গ) ব্লক (ঘ) স্ক্রীন

২২. মৌসুমির প্রয়োজনীয় সরঞ্জাম —
i. কাঠের টেবিল
ii. কালার ট্রে
iii. সুতা
নিচের কোনটি সঠিক?
(ক) i ও ii (খ) i ও iii
(গ) ii ও iii (ঘ) i, ii ও iii

২৩. উভয়দিকে একই ডিজাইন কোন ধরনের ভারসাম্যে থাকে?
(ক) নিয়মিত
(খ) অনিয়মিত
(গ) রশ্মিগত
(ঘ) অসামঞ্জস্য

২৪. কাঁধের ওপর সেন্দ্রজের ঘাড় থেকে কোমর পর্যন্ত মাপকে কী বলে?
(ক) মুহুরী (খ) সেন্ট
(গ) সেকাম (ঘ) হাঁটু

২৫. উদ্ভিজ্জ দাগ অপসারণের জন্য কোন দ্রবণ ব্যবহার করা হয়?
(ক) অম্লীয় (খ) ক্ষারীয়
(গ) রঙিন (ঘ) সাবান পানি

| উত্তর | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | ১ | গ | ২ | ঘ | ৩ | খ | ৪ | গ | ৫ | ক | ৬ | গ | ৭ | ক | ৮ | গ | ৯ | ঘ | ১০ | ঘ | ১১ | ঘ | ১২ | ঘ | ১৩ গ |
| | ১৪ | খ | ১৫ | ঘ | ১৬ | ক | ১৭ | খ | ১৮ | গ | ১৯ | গ | ২০ | ক | ২১ | গ | ২২ | ক | ২৩ | ক | ২৪ | খ | ২৫ | খ | |

https://teachingbd24.com